

🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعَرَاء |

আয়াতঃ ২৬: ৪৩

💵 আরবি মূল আয়াত:

قَالَ لَهُم مُّوسِى القُوا مَا اَنتُم مُّلقُونَ ﴿٢٣﴾

🗚 অনুবাদসমূহ:

মূসা তাদের বলল, 'তোমরা যা নিক্ষেপ করার তা নিক্ষেপ কর'। — আল-বায়ান
মূসা তাদেরকে বলল- 'নিক্ষেপ কর যা তোমরা নিক্ষেপ করবে।' — তাইসিরুল
মূসা তাদেরকে বললঃ তোমাদের যা নিক্ষেপ করার তা নিক্ষেপ কর। — মুজিবুর রহমান
Moses said to them, "Throw whatever you will throw." — Sahih International

৪৩. মূসা তাদেরকে বললেন, তোমরা যা নিক্ষেপ করার তা নিক্ষেপ কর।

তাফসীরে জাকারিয়া

(৪৩) মূসা ওদেরকে বলল, 'তোমাদের যা নিক্ষেপ করার, তা নিক্ষেপ কর।' [1]

[1] মূসার পক্ষ হতে যাদুকরদের খেলা দেখানোর আহবান জানানোর মধ্যে এই হিকমত থাকতে পারে যে, প্রথমতঃ তাদের কাছে প্রকাশ হয়ে যাক, তিনি আল্লাহর প্রগম্বর। এত বিশাল সংখ্যক বিখ্যাত যাদুকরদের জমা হওয়া ও তাদের যাদু খেলায় মোটেই ভীত নয়। দ্বিতীয়তঃ এ উদ্দেশ্যও হতে পারে যে, যখন পরে আল্লাহর আদেশে এ সমস্ত যাদু এক নিমেষে শেষ হয়ে যাবে, তখন দর্শকদের উপর এর একটা বিরাট প্রভাব পড়বে আর এভাবে বেশী বেশী মানুষ আল্লাহর উপর ঈমান আনবে। অতএব সেই মতই হল; বরং যাদুকরেরাই প্রথমে ঈমান আনল, যেমন পরে বলা হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2975

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন